

## ■ সহীহ বুখারী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২৪৬৭ [আন্তর্জাতিক নাম্বারঃ ২৬৪৩]

৪৪/ শাহাদাত (كتاب الشهادات)

পরিচ্ছেদঃ ১৬৪৭. কারো সততা প্রমাণের ক্ষেত্রে ক'জনের সাক্ষ প্রয়োজন

بَاب تَعْدِيلِ كَمْ يَجُوزُ

আরবী

حَدَّثَنَا مُوسَى بْنُ إِسْمَاعِيلَ، حَدَّثَنَا دَاؤُدُّ بْنُ أَبِي الْفُرَاتِ، حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ بُرِيَّةَ، عَنْ أَبِي الْأَسْوَدِ، قَالَ أَتَيْتُ الْمَدِينَةَ وَقَدْ وَقَعَ بِهَا مَرَضٌ، وَهُمْ يَمْوُتُونَ مَوْتًا ذَرِيعًا، فَجَلَّسْتُ إِلَى عُمَرَ - رَضِيَ اللَّهُ عَنْهُ - فَمَرَرْتُ جِنَازَةً فَأُثْنِيَ خَيْرٌ فَقَالَ عُمَرُ وَجَبَتْ. ثُمَّ مُرَّ بِأُخْرَى فَأُثْنِيَ خَيْرًا فَقَالَ وَجَبَتْ. ثُمَّ مُرَّ بِالثَّالِثَةِ فَأُثْنِيَ شَرًّا، فَقَالَ وَجَبَتْ. فَقُلْتُ مَا وَجَبَتْ يَا أَمِيرَ الْمُؤْمِنِينَ قَالَ قُلْتُ كَمَا قَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ "أَيُّمَا مُسْلِمٌ شَهَدَ لَهُ أَرْبَعَةٌ بِخَيْرٍ أَدْخِلْهُ اللَّهُ الْجَنَّةَ". قُلْنَا وَثَلَاثَةٌ قَالَ "وَثَلَاثَةٌ". قُلْتُ وَاثْنَانِ قَالَ "وَاثْنَانِ". ثُمَّ لَمْ نَسْأَلْهُ عَنِ الْوَاحِدِ.

বাংলা

২৪৬৭। মূসা ইবনু ইসমাইল (রহঃ) ... আবুল আসওয়াদ (রহঃ) থেকে বর্ণিত, তিনি বলেন, একবার আমি মদিনায় আসলাম, সেখানে তখন মহামারী দেখা দিয়েছিল। এতে ব্যাপক হারে লোক মারা যাচ্ছিল। আমি উমর (রাঃ) এর কাছে বসাচ্ছিলাম। এমন সময় একটি জানায় অতিক্রম করলো এবং তার সম্পর্কে ভালো ধরনের মন্তব্য করা হল। তা শুনে উমর (রাঃ) বললেন, ওয়াজিব হয়ে গেছে। এরপর আরেকটি জানায় নিয়ে যাওয়া হচ্ছিল এবং তার সম্পর্কেও ভালো মন্তব্য করা হল। তা শুনে তিনি বললেন, ওয়াজিব হয়ে গেছে। এরপর তৃতীয় জানায় নিয়ে যাওয়া হচ্ছিল এবং তার সম্পর্কে খারাপ মন্তব্য করা হল। এবারও তিনি বললেন, ওয়াজিব হয়ে গেছে। আমি জিজ্ঞাসা করলাম, কি ওয়াজিব হয়ে গেছে, হে আমীরুল মুমিনীন? তিনি বললেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যেমন বলেছিলেন, আমি তেমন বললাম। (তিনি বলেছিলেন) কোন মুসলিম সম্পর্কে চার জন লোক ভাল সাক্ষ দিলে আল্লাহ্ তাঁকে জান্নাতে দাখিল করবেন। তিনি বললেন, তিনজন সাক্ষ দিলেও। আমরা জিজ্ঞাসা করলাম, দু'জন সাক্ষ দিলে? তিনি বললেন, দু'জন সাক্ষ দিলেও। এরপর আমরা একজনের সাক্ষ সম্পর্কে তাকে কিছু জিজ্ঞাসা করিনি।

## English

Narrated Abu Al-Aswad:

Once I went to Medina where there was an outbreak of disease and the people were dying rapidly. I was sitting with 'Umar and a funeral procession passed by. The people praised the deceased. 'Umar said, "It has been affirmed" (Paradise). Then another funeral procession passed by. The people praised the deceased. 'Umar said, "It has been affirmed." (Paradise). Then another funeral procession passed by. The people praised the deceased. 'Umar said, "It has been affirmed (Paradise)." Then a third funeral procession passed by and the people talked badly of the deceased. 'Umar said, "It has been affirmed (Hell)." I asked 'Umar, "O chief of the believers! What has been affirmed?" He said, "I have said what the Prophet (ﷺ) said. He said, 'Allah will admit into paradise any Muslim whose good character is attested by four persons.' We asked the Prophet, 'If there were three witnesses only?' He said, 'Even three.' We asked, 'If there were two only?' He said, 'Even two.' But we did not ask him about one witness."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ আবুল আসওয়াদ (রহঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=2551>

 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন